গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়,
শিক্ষা ভবন, ২য় ব্লক, ২য় তলা, ১৬, আঃ গনি রোড, ঢাকা।
www.dia.gov.bd

**“পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম্পরিকল্পনা কার্যক্রমের আওতায় ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় ডিআইএ’র করণীয় বিষয়ক কর্মশালা-২০২৩”**

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম্পরিকল্পনা কার্যক্রমের আওতায় এ অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দের মধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় ডিআইএ’র করণীয় বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয় ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ সকাল ৯.০০টা হতে বিকাল ৩.৩০ টা পর্যন্ত। দিনব্যাপী এ কর্মশালাটি অত্র অধিদপ্তরের শেখ রাসেল স্মৃতি সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব মো: বেলায়েত হোসেন তালুকদার, অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়; এবং সঞ্চালক হিসেবে দায়িত্ব পালন করেন প্রফেসর অলিউল্লাহ মোঃ আজমতগীর, পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর। এতে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার মো: আবদুর রশিদ, পরিচালক (প্রশাসন ও অর্থ), পরিকল্পনা উন্নয়ন একাডেমি, জনাব বিপুল চন্দ্র সরকার, যুগ্ম-পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর; জনাব টুটুল কুমার নাগ, উপপরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর; র‌্যাপোর্টিয়ার এর দায়িত্ব পালন করেন জনাব রাকিবুল হাসান, সহকারী শিক্ষা পরিদর্শক এবং জনাব কামরুন নাহার, সহকারী শিক্ষা পরিদর্শক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর।




চিত্র–১ : মঞ্চে উপবিষ্ট মূখ্য আলোচক জনাব মো: বেলায়েত হোসেন তালুকদার, অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়; ওয়ার্কশপটি সঞ্চালনা করেন প্রফেসর অলিউল্লাহ মোঃ আজমতগীর, পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর; আলোচক জনাব বিপুল চন্দ্র সরকার, যুগ্ম পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর।

জনাব মো: বেলায়েত হোসেন তালুকদার, অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মনন্ত্রণালয়; -৪র্থ শিল্প বিপ্লবের প্রযুক্তিগুলো কি কি, এর উৎস, ব্যবহার এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ বিষয়ে বিস্তারিত ধারণা প্রদান করেন এবং ডিআইএ’র সেবার মানোন্নয়নে ৪র্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি ব্যবহারের সুযোগ ও সম্ভাবনা বিষয়ে আলোচনা করেন। এ সময়ে তিনি

উল্লেখ করেন যে  ডিজিটাল প্রযুক্তিতে মেশিন নিজে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারতো না, শুধুমাত্র পূর্বনির্ধারিত নির্দেশিত বিষয়ে ফলাফল প্রদান করতো কিন্তু ৪র্থ শিল্প বিপ্লবের প্রযুক্তিতে মেশিন, প্রদত্ত তথ্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করতে সক্ষম, ভবিষ্যত সম্ভাবনা বিষয়ে যন্ত্র পূর্বানুমান করতে পারবে, এবং কিছু কিছু বিষয়ে সমস্যা সমাধানে কার্যকারী পদক্ষেপ গ্রহণ করতেও সক্ষম হবে।  তিনি ৪র্থ বিল্প বিপ্লবের বিভিন্ন প্রযুক্তির নানাবিধ তথ্য তুলে ধরেণ এবং বলেন যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের প্রস্তুত থাকা সময়ের দাবি, কারণ আমরা তাকে স্বাগত জানাই বা না জানাই চতুর্থ শিল্প বিপ্লব আসবেই এবং এর প্রভাবও আমাদের উপর পড়বেই, সুতরাং চতূর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের প্রস্তুত থাকতে হবে।




চিত্র–২: ওয়ার্কশপে উপস্থিত পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ।

আবদুর রশিদ, পরিচালক (প্রশাসন ও অর্থ), পরিকল্পনা উন্নয়ন একাডেমি। এরপর এ বিষয়ে আরও আলোচনা করেন জনাব টুটুল কুমার নাগ, উপপরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর; এ পর্যায়ে শুরু হয় মধ্যাহ্ন বিরতি।

এরপর জনাব বিপুল চন্দ্র সরকার, যুগ্ম-পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর; কর্মশালায় উপস্থাপিত যাবতীয় আলোচনার রিভিউ গ্রহণ করেন অংশগ্রহণকারীদের কাছ থেকে, এছাড়া ডি আই এ-তে ব্যবহৃত অটোমেশন সফটওয়্যার ও এর চলমান কার্যক্রম এবং ৪র্থ শিল্প বিপ্লবের প্রযুক্তিসমুহের সন্নিবেশে নতুন করে সফটুয়্যার আপডেট করার কার্যক্রম বিষয়ে আলোকপাত আলোকপাত করেন ।

সবশেষে সবাইকে ধন্যবাদ ও ডিআইএ'র কার্যক্রমে ৪র্থ শিল্প বিপ্লবের প্রযুক্তিসমূহ ব্যবহারের মাধ্যমে এর সেবার মান উত্তরোত্তর বৃদ্ধির করে শিক্ষা প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার আশাবাদ ব্যক্ত করে অনুষ্ঠানের সঞ্চালক প্রফেসর অলিউল্লাহ মোঃ আজমতগীর, পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

....ধন্যবাদ...